

ার্টি সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৮৬

১৬/ হাজ (হজ/হজ) (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৬৩. কুরবানীর পশু পথিমধ্যে অচল হয়ে পড়লে কি করতে হবে

باب مَا يُفْعَلُ بِالْهَدْيِ إِذَا عَطِبَ فِي الطَّرِيقِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، أَخْبَرَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ سَعِيد، عَنْ أَبِي التَّيَّاحِ الضَّبُعِيّ، حَدَّثِنِي مُوسَى بْنُ سَلَمَةَ الْهُذَلِيُّ، قَالَ انْطَلَقْتُ أَنَا وَسِنَانُ بْنُ سَلَمَةَ، مُعْتَمِرَيْنِ قَالَ وَانْطَلَقَ سِنَانٌ مُعَهُ بِبَدَنَةٍ يَسُوقُهَا فَأَنْحَفَتْ عَلَيْهِ بِالطَّرِيقِ فَعَيِي بِشَأْنِهَا إِنْ هِيَ أُبْدِعَتْ كَيْفَ يَأْتِي بِهَا . مَعَهُ بِبَدَنَةٍ يَسُوقُهَا فَأَنْحَفْيَنَّ عَنْ ذَلِكَ . قَالَ فَأَصْحَيْتُ فَلَمَّا نَزَلْنَا الْبَطْحَاءَ قَالَ انْطَلِقْ إِلَى ابْنِ عَبَّاسٍ نَتَحَدَّثْ إِلَيْهِ . قَالَ فَذَكَرَ لَهُ شَأْنَ بَدَنَتِهِ . فَقَالَ عَلَى الْخَبِيرِ سَقَطْتَ الْطُلِقْ إِلَى ابْنِ عَبَّاسٍ نَتَحَدَّثْ إِلَيْهِ . قَالَ فَذَكَرَ لَهُ شَأْنَ بَدَنَتِهِ . فَقَالَ عَلَى الْخَبِيرِ سَقَطْتَ بَعَثَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بسِتَّ عَشْرَةَ بَدَنَةً مَعَ رَجُلٍ وَأُمَّرَهُ فِيهَا _ قَالَ _ بَعَثَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بسِتَّ عَشْرَةَ بَدَنَةً مَعَ رَجُلٍ وَأُمَّرَهُ فِيهَا _ قَالَ _ فَمَضَى ثُمَّ رَجَعَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ كَيْفَ أَصْنَعُ بِمَا أُبْدِعَ عَلَى عَنْهَا قَالَ " انْحَرْهَا ثُمَّ اصْفُحْ يَهَا فَي دَمِهَا ثُمَّ اجْعَلْهُ عَلَى صَفْحَتِهَا وَلَا تَأْكُلُ مِنْهَا أَنْتَ وَلَا أَنْتَ وَلَا أَنْتَ وَلَا أَحْدُ مِنْ أَهْلِ

বাংলা

৩০৮৬। ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) আবদুল ওয়ারিস থেকে এবং তিনি আবুত-তায়াহ হুযালী থেকে বর্ণনা করেন যে ... মূসা ইবনু সালামা হুযালী (রাঃ) বলেন, আমি ও সিনান ইবনু সালামা উমরা পালনের জন্য রওনা হুলাম। সিনানের একটি কুরবানীর উট ছিল। সে সেটি হাঁকিয়ে নিয়ে যাচ্ছিল। পথিমধ্যে সেটি অচল হয়ে পড়ল। এ ব্যাপারে সে অসহায় ও চিন্তগ্রস্থ হয়ে পড়ল এবং (মনে মনে বলল) এ যদি সামনে অগ্রসর না হতে পারে, তবে এটাকে কি করে গন্তব্যস্থলে নেয়া যাবে? সে বলল, যদি মক্কা পর্যন্ত পৌছতে পারতাম তবে এ সম্পর্কে ভালরূপে মাসআলা জেনে নিতাম।

রাবী বলেন আমরা দিনের প্রথমভাগে আবার চলতে শুরু করলাম এবং "বাতহা" নামক স্থানে যাত্রা বিরতি দিলাম। সিনান বলল, চল আমরা ইবনু আব্বাস (রাঃ) এর নিকট গিয়ে (বিষয়টি) আলোচনা করি। রাবী বলেন, সিনান তার নিকটে নিজের উটের কথা বর্ণনা করল। ইবনু আব্বাস (রাঃ) বললেন, তুমি উত্তম রূপে অবহিত



ব্যক্তির নিকটই বিষয়টি বর্ণনা করেছ।

রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির মাধ্যমে ষোলটি উট (মক্কার হরমে) পাঠালেন এবং তাকে এগুলোর তত্ত্বাবধায়ক নিযুক্ত করলেন। রাবী বলেন, সে রওনা হয়ে গেল এবং পূনরায় ফিরে এসে বলল, ইয়া রাসুলাল্লাহ! যদি এর মধ্যকার কোন পশু চলৎশক্তিহীন হয়ে পড়ে, তবে কি করব? তিনি বললেনঃ তা যবেহ কর এবং এর (গলায় বাঁধা) জুতা জোড়া রক্তে রঞ্জিত করে এর কুঁজের উপর রেখে দাও। এর মাংস তুমিও খাবে না তোমার সঙ্গীদের কেউও খাবে না।

English

Musa b. Salama al-Hudhali reported:

I and Sinan b. Salama proceeded (to Mecca to perform Umra. Sinan had a sacrificial camel with him which he was driving. The camel stopped in the way being completely exhausted and this state of it made him (Sinan) helpless. (He thought) if it stops proceeding further how he would be able to take it, along with him and said: I would definitely find out (the religious verdict) about it. I moved on in the morning and as we encamped at al-Batha', (Sinan) said: Come (along with me) to Ibn 'Abbis (Allah be pleased with them) so that we should narrate to him (this incident), and he (Sinan) reported to him the incident of the sacrificial camel. He (Ibn Abbas) said: You have referred (the matter) to the well informed person. (Now listen) Allah's Messenger (ﷺ) sent sixteen sacrificial camels with a man whom he put in change of them. He set out and came back and said: Messenger of Allah, what should I do with those who are completely exhausted and become powerless to move on, whereupon he said: Slaughter them, and dye their hoofs in their blood, and put them on the sides of their humps, but neither you nor anyone among those who are with you must eat any part of them.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মূসা ইবন সালামা হুযালী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন